

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৩৯

৯. পানীয় অধ্যায় (كتاب الأشرية)

পরিচ্ছেদঃ ৮. নেশা সৃষ্টিকারী দ্রব্য সম্পর্কে যা বলা হয়েছে

بَاب مَا قِيلَ فِي الْمُسْكِرِ

আরবী

حَدَّثَنَا زَيْدُ بْنُ يَحْيَى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَاشِدٍ عَنْ أَبِي وَهْبِ الْكَلَاعِيِّ عَنْ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ عَنْ عَائِشَةَ قَالَتْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنَّ أَوَّلَ مَا يُكْفَأُ قَالَ وَيْدٌ يَعْنِي الْإِسْلَامَ كَمَا يُكْفَأُ الْإِنَاءُ كَفْيَ الْخَمْرِ فَقِيلَ فَكَيْفَ يَا رَسُولَ اللَّهِ وَقَدْ بَيَّنَ اللَّهُ فِيهَا مَا بَيَّنَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسَمُّونَهَا بِغَيْرِ اسْمِهَا فَيَسْتَحِلُّونَهَا فِيهَا مَا بَيَّنَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسَمُّونَهَا بِغَيْرِ اسْمِهَا فَيَسْتَحِلُّونَهَا

বাংলা

২১৩৯. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: "সর্বপ্রথম যা উল্টে দেয়া হবে,- যাইদ বলেন, অর্থাৎ ইসলামের মধ্যে (যে বিষয়টি উল্টে দেয়া হবে)- যেভাবে পাত্র কে উল্টে দেয়া হয়- তা হলো মদ। তাঁকে বলা হলো, ইয়া রাসূলুল্লাহ! সেটি কিভাবে হবে, যেখানে আল্লাহ তা'আলা তা সম্পর্কে বিস্তারিত বর্ণনা করে দিয়েছেন? তিনি বললেন: "তার নামকে অন্য নামে পরিবর্তন করে একে হালাল মনে করা হবে।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪৭৩১ তে। আরও দেখুন, হাকিম, মুসতাদরাক ৪/১৪৭; বাইহাকী, শারবু ৮/১৯৪-২৯৫; ইবনু আবী শাইবা, নং ৩৮২৮ এ সনদে জাহালত (অজ্ঞাত পরিচয় রাবী) রয়েছে। আরও দেখুন, ফাতহুল বারী ১০/৫২; ইবনু আদী, আল কামিল ৬/২০৫১।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=82422}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন